কিয়ামতের দিন আল্লাহ প্রত্যেক মুসলিমকে একজন ইয়াহূদী অথবা খ্রিষ্টানকে দিয়ে বলবেন, এই তোমার জাহান্নাম থেকে বাঁচার মুক্তিপণ।

আবূ মূসা আশ‘আরী রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মরফূ‘ হিসেবে বর্ণিত, “কিয়ামতের দিন আল্লাহ প্রত্যেক মুসলিমকে একজন ইয়াহূদী অথবা খ্রিষ্টানকে দিয়ে বলবেন, এই তোমার জাহান্নাম থেকে বাঁচার মুক্তিপণ।” অন্য এক বর্ণনায় আছে, “কিয়ামতের দিন কিছু সংখ্যক মুসলিম
পাহাড় সম পাপ নিয়ে উপস্থিত হবে, আল্লাহ তা (সবই) তাদের জন্য ক্ষমা করে দিবেন।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

এর অর্থ যা আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহর হাদীসে এসেছে: “প্রত্যেকের জন্য একটি আবাস জান্নাতে এবং একটি আবাস জাহান্নামে রয়েছে। অতএব, যখন একজন মুমিন জান্নাতে প্রবেশ করবে, তখন তার জায়গায় একজন কাফের জাহান্নামে প্রবেশ করবে। কেননা সে তার কুফুরীর কারণে জাহান্নামের উপযুক্ত।” আর “তোমার মুক্তিপণ” অর্থ হলো, তুমি জাহান্নামে প্রবেশের উপযুক্ত ছিলে, আর এটি তোমার মুক্তিপণ। কেননা আল্লাহ তা‘আলা জাহান্নামের জন্যে কিছু সংখ্যক নির্ধারণ করেছেন, যা তিনি পরিপূর্ণ করবেন। যখন কাফেররা তাদের অপরাধ ও কুফুরীর কারণে তাতে প্রবেশ করবে তখন তা হবে মুমিনদের জন্য মুক্তিপণ স্বরূপ। আল্লাহ অধিক জানেন।

http://sunnah.global/hadeeth/bn/show/6462